



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২০৪২

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: রিট পিটিশন নং ৬৪৪২/২০২৩ এ প্রদত্ত মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ১২/০৬/২০২৩খ্রি. তারিখের আদেশ মোতাবেক রিট পিটিশনারের দরখাস্ত তাং ০৪/০৬/২০২৩খ্রি. (Annexure- M & M-1) নিষ্পত্তি প্রসঙ্গে

সূত্র: (১) রিট পিটিশনারের দরখাস্ত, সূত্র: ৫৩/২০২৩, তারিখ: ০৪/০৬/২০২৩খ্রি.

(২) রিট পিটিশন নং ৬৪৪২/২০২৩ এ প্রদত্ত মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ১২/০৬/২০২৩খ্রি. তারিখের আদেশ;

(৩) নং বামাশিবো/প্রশা/৩৩০২২১০৬৩৯১১/৭২৮৪৩/নথি নং -৫২, তারিখ ০২/০৫/২০২৩খ্রি.;

(৪) নং বামাশিবো/প্রশাসন/কক্সবাজার-৫২/৩১৫৭, তারিখ: ৩০/১০/২০১৯খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ০১ নং স্মারকে রিটপিটিশনার ০৩/১০/২০২২খ্রি. তারিখে অনলাইনে দাখিলকৃত গর্জনিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার গভার্ণিং বডি অনুমোদনের জন্য আবেদন করেছেন। অনলাইনে দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, গভার্ণিং বডি গঠন প্রক্রিয়ায় নিম্নোক্ত বিষয়গুলোতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর সংশ্লিষ্ট প্রবিধি প্রতিপালিত হয়নি:

১। বিধি মোতাবেক কমিটির মেয়াদ উত্তীর্ণের আশি দিন পূর্বে খসড়া ভোটার তালিকা অনুমোদন না করে কমিটির মেয়াদ শেষ হওয়ার ০২ মাস পর খসড়া ভোটার তালিকা প্রণয়ন করা হয়েছে। প্রতিষ্ঠান প্রধান (জনাব মোঃ সাইফুল ইসলাম, ভারপ্রাপ্ত সুপার) এর পরিবর্তে রিট পিটিশনার মোঃ আব্দুল হামিদ কর্তৃক খসড়া ভোটার তালিকা প্রণয়ন ও অনুমোদন করা হয়েছে। প্রবিধি ১২(১) এ উল্লেখ আছে “গভার্ণিং বডি বা ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ আশি দিন পূর্বে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সকল শ্রেণির সদস্য পদের জন্য পৃথক পৃথক খসড়া ভোটার তালিকা প্রণয়ন করিয়া বিদ্যমান গভার্ণিং বডি বা ক্ষেত্রমত ম্যানেজিং কমিটির অনুমোদনের জন্য উহার সভায় উপস্থাপন করিবেন।


২। বিধি মোতাবেক কমিটির মেয়াদ উত্তীর্ণের ত্রিশ দিন পূর্বে সদস্য নির্বাচন না করে কমিটির মেয়াদ শেষ হওয়ার ০৪ মাস পর সদস্য নির্বাচন সম্পন্ন করা হয়েছে। প্রবিধি ১৪ এ উল্লেখ আছে “কোন গভার্ণিং বডি বা ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ ত্রিশ দিন পূর্বে উহার উত্তরাধিকারী গভার্ণিং বডি বা ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটি গঠনের উদ্দেশ্যে সদস্য নির্বাচন সম্পন্ন করিতে হইবে।”

৩। গভার্ণিং বডির সভাপতি মনোনয়নের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান, স্থানীয় নির্বাচিত সংসদ সদস্য ও শিক্ষানুরাগী ব্যক্তিগণের সহিত আলোচনাক্রমে সভাপতি পদে প্রস্তাবের স্বপক্ষে কোন প্রমাণক দাখিল করা হয় নাই। প্রবিধি ৫(৩) এ উল্লেখ আছে উপ প্রবিধান (২) এর অধীন আলিম স্তরের বেসরকারি মাদ্রাসা ব্যাভীত অন্যান্য আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতি মনোনয়নের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান, স্থানীয় নির্বাচিত সংসদ সদস্য ও শিক্ষানুরাগী ব্যক্তিগণের সহিত আলোচনাক্রমে, সংরক্ষিত আসনের জাতীয় সংসদ সদস্য, স্থানীয় জনপ্রতিনিধি, সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত বা অবসরপ্রাপ্ত প্রথম/দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা, স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তি বা স্থানীয় খ্যাতিমান সমাজসেবকগণের মধ্য হইতে তিনজন ব্যক্তির নাম ও জীবন-বৃত্তান্ত বোর্ডের নিকট প্রেরণ করিবেন এবং বোর্ডের চেয়ারম্যান উক্তরূপ প্রস্তাবিত ব্যক্তিগণের মধ্য হইতে তাঁহার বিবেচনামত একজনকে সভাপতি মনোনীত করিবেন।”

৪। উল্লেখ্য যে, সূত্রোক্ত ০৪নং স্মারকে বিস্তারিত কারণ উল্লেখ পূর্বক মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ সাইফুল ইসলাম দায়িত্ব পালন করবেন মর্মে নির্দেশনা জারী করা হয়। সে মোতাবেক জনাব মোঃ সাইফুল ইসলাম ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করেন মর্মে বোর্ডের সকল প্রশাসনিক ও একাডেমিক রেকর্ডস্টে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, বর্ণিত দরখাস্তে উল্লিখিত গভার্ণিং বডির গঠন প্রক্রিয়া প্রবিধানমালা ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধি ১২(১), প্রবিধি ১৪, প্রবিধি ৫(৩) প্রতিপালিত না হওয়ায় অনুমোদন দেয়ার সুযোগ নেই মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো এবং রিট পিটিশন নং ৬৪৪২/২০২৩ এ প্রদত্ত মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ১২/০৬/২০২৩খ্রি. তারিখের আদেশ মোতাবেক রিট পিটিশনারের দরখাস্ত তাং ০৪/০৬/২০২৩খ্রি. (Annexure-M &M-1) নিষ্পত্তি করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



০৩-১০-২০২৩

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

জনাব মুহাম্মদ আব্দুল হামিদ, রিট পিটিশন নং ৬৪৪২/২০২৩ এর রিট পিটিশনার, রামু, কক্সবাজার।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৭.২৩.২০৪২/১(৮)

১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), অডিট ও আইন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ২। জেলা প্রশাসক, কক্সবাজার;
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), কক্সবাজার;
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, রামু, কক্সবাজার;
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামু, কক্সবাজার;
- ৬। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, গর্জনিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, রামু, কক্সবাজার;
- ৭। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ৮। আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



০৪-১০-২০২৩

মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার